টাকি রোডে অবরোধ

নিজস্ব সংবাদদাতা, উত্তর ২৪ পরগনা : উত্তর ২৪ পরগনা জেলার শাসন থানার কাঁচকল মোড়ে টাকি রোডে, মঙ্গলবার সকালে গাছের গুড়ি ফেলে ও টায়ার জ্বালিয়ে পথ অবরোধ স্থানীয় গ্রামবাসীদের বাসিন্দাদের অভিযোগ, গত পঞ্চায়েত ভোটে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হওয়ার পর তৃণমূলের বিজয় মিছিলেই বেলিয়াঘাটা ব্রিজের কাছে খুন হন তৃণমূল কংগ্রেসের ফলতি বেলিয়াঘাটা অঞ্চলের অঞ্চল সভাপতি সাফিয়ার রহমান।

কিন্তু এখনও আসল খুনিরা গ্রেফতার হয়নি। দলের একাংশের নেতা পুলিশের ওপর প্রভাব খাটিয়ে খুনিদের আড়াল করে রেখেছে। তার প্রতিবাদ করতে এদিন স্থানীয় তৃণমূল কংগ্রেস নেতাদের ডাকে সাড়া দিয়ে সাধারণ গ্রামবাসীরা অবিলম্বে খুনিদের গ্রেফতারের দাবিতে পথ অবরোধ শুরু করেন।

মাথায় আঘাতের চিহ্ন, গড়িয়ায় উদ্ধার ব্যবসায়ীর দেহ

নিজস্ব সংবাদদাতা, গড়িয়া : গড়িয়ায় এক ব্যবসায়ীর মৃতদেহ উদ্ধার হল। মৃতের নাম শ্যামল রায়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায় পুলিশ। সোমবার মাঝরাত থেকে শ্যামলবাবু নিখোঁজ ছিলেন। পরিবারের পক্ষ থেকে খুনের অভিযোগ দায়ের করা হয়েছে। ঘটনার তদন্ত করছে সোনারপুর থানার পুলিশ।

গড়িয়ার বাসিন্দা শ্যামল রায় পেশায় দুধ ব্যবসায়ী। প্রতিদিনের মতো কালও ব্যবসার কাজে বাড়ি থেকে বেরিয়েছিলেন। কিন্তু, রাতে বাড়ি ফেরেননি। রাত দু'টোর সময় শেষবারের মতো বাড়ির লোকের সঙ্গে ফোনে কথা হয়েছিল। সেসময় ওই ব্যবসায়ী জানিয়েছিলেন, কিছুক্ষণের মধ্যেই বাড়ি ফিরছেন।

সভা/অনুষ্ঠান

রামকৃষ্ণ মঠ (বলরাম মন্দির)
বুধবার আলোচনায়:- রামকৃষ্ণ কথামৃত। পাঠক: স্বামী নরদেবানন্দ মহারাজ।
সময় : ৭-১৫

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

9			2					1
1	3				7			
	5			9		7	4	
	6			7		4		
8			4		3			6
		4		8			3	
	8	3		5			7	
			7				1	3
7					4			5

গতকালের সমাধান

4	9	7	3	5	1	2	8	6
8	5	3	6	2	7	4	1	9
2	1	6	8	9	4	5	3	7
1	6	9	7	4	2	3	5	8
3	7	4	5	8	6	9	2	1
5	2	8	9	1	3	6	7	4
6	8	1	2	3	9	7	4	5
7	3	5	4	6	8	1	9	2
9	4	2	1	7	5	8	6	3

আবহাওয়া

পূর্বাভাস: বুধবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৪ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** মঙ্গলবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩২ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৭৬ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৪।৫১, **সূর্যাস্ত:** ঘ ৬:১৯ **জোয়ার:** সকাল ৬:২২। **ভাঁটা:** দুপুর: ১:৩১।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

- সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	67.1794
INR / 1 Euro	78.5394
INR / 100 Jap. YEN	61.1400
INR / 1 Pound Sterling	89.4292

শেয়ার সূচক

BSE 34,903.21 ▼ (-108.68)
NIFTY 10,593.15 ▼ (-35.35)

শব্দলিপি- ১২১৪



মীরা সরকার

পাশাপাশি: ১। দ্রোণাচার্যের উপেক্ষিত শিষ্য ৪। তৈলপ্রদ বীজ ৬। যজ্ঞসম্বন্ধীয় ৭। নারীদের পদ্মবন্ধ ৯। পরবশতা ১১। সংগীতের তালবিশেষ ১৩। লক্ষ্মীদেবী ১৪। লাবণ্যেরা মাত করার প্রণালি

উপরনীচ: ২। তাবিজ ৩। বিয়োগ ৪। খাতির ৫। অজাতকুলশীল ৬। নিরতিশয় ৮। নিকৃষ্ট ১০। যে নায়িকার রাগ কিছুটা ব্যক্ত, কিছুটা অব্যক্ত ১২। অসহায়

সমাধান : শব্দলিপি - ১২১৩

পাশাপাশি: ১। ভাটিখানা ৩। তাফতা ৬। পরসাদ ৮। রাজতক্ত ১০। বিপদসীমা ১২। রসকরা ১৪। দেবার ১৫। পুষ্পসার

উপরনীচ: ১। ভাটিবেরাদর ২। খাজলত ৪। ফলসা ৫। জপতপ ৭। দশমাবতার ৯। কবিরাজ ১১। দন্তপুষ্প ১৩। সবেদা

বাগনানে তৃণমূল নেতা খুন, আটক ৩

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : বাগনানে শুট আউট। সোমবার রাতে হাওড়ার বাগনান থানা এলাকার হাটুরিয়া ২ নম্বর গ্রাম পঞ্চায়েত এলাকার নওপাড়ার মোড়ে মহসিন খান (৫০) নামে এক তৃণমূল নেতাকে খুন করল দুষ্কৃতীরা।

এই ঘটনার পিছনে অভিযোগ উঠেছে বিজেপির বিরুদ্ধে। জানা গিয়েছে, মহসিন সাহেব আগে কংগ্রেস করতেন। বছর দুয়েক আগে তৃণমূলে যোগ দেন তিনি। পঞ্চায়েত নির্বাচনে তাঁর স্ত্রী নুরেন্নাসা বেগম তৃণমূলের টিকিটে জয়ী হন।

সোমবার রাত ১০টা নাগাদ কাজ সেরে বাড়ি ফেরার সময়ে নওপাড়া মোড়ের কাছে তার বাইক আগলে তিন দুষ্কৃতী খুব কাছ থেকে গুলি করে চম্পট দেয়। এরপর তাকে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসাকরা, তাকে মৃত বলে ঘোষণা করেন। এরপরেই এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে, মৃতদেহ নিয়ে রাত্রি দুটো পর্যন্ত ৬ নম্বর জাতীয় সড়ক ও বাগনান থানা ঘেরাও করে রাখে তৃণমূল কর্মীরা। পরে পুলিশ আশ্বাস দিলে পরিস্থিতি কিছুটা শান্ত হয়। এই ঘটনার পরিপ্রেক্ষিতে মঙ্গলবার হাটুরিয়া এক নম্বর অঞ্চল বন্ধ চলছে। এই ঘটনার মূল অভিযুক্ত আসরফ, সুবেদার ও হ্যাপির বাড়িতে রাতেই ভাঙচুর করে আগুন ধরিয়ে দেয় উত্তেজিত জনতা। দমকলের ইঞ্জিন ঘটনাস্থলে এসে আগুন নিয়ন্ত্রণ আনে।

পরিস্থিতি এখনও থমথমে। এই ঘটনার তদন্তে নেমে বাগনান থানার পুলিশ তিনজনকে আটক করেছে। তাঁদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। তদন্তের স্বার্থে পুলিশ তাদের নাম জানায়নি। স্থানীয় তৃণমূল নেতা শ্রীকান্ত সরকার জানান, এই ঘটনার নেপথ্যে আছে বিজেপির আশ্রিত দুষ্কৃতীরা। তাঁর অভিযোগ গত ৬ মে বিজেপি নেতা তপন মণ্ডলের নেতৃত্বে বাগনানে টিকিট কাউন্টারের কাছে একটি সভা হয়। সেখানে তিনি কর্মীদের উদ্দেশ্যে উসকানি মূলক মন্তব্য রাখেন। তারপর থেকেই বিজেপি বাগনানের শান্ত পরিবেশকে অশান্ত করেছে। তিনি আরও অভিযোগ করেন, বিজেপি নেতা তপন মণ্ডলের মদতে মহম্মদ আসরাফ, মহম্মদ সুবেদারের নেতৃত্বে হামলা চালানো হয়। তবে অন্য একটি সূত্র মারফত জানা যাচ্ছে, ব্যক্তিগত আক্রোশের জেরেই এই খুন।

পুরো বিষয়টি তদন্ত করছে হাওড়া গ্রামীণ পুলিশ।

নববারাকপুরে বিশ্ব পরিবেশ দিবস পালন

NEW BARRACKPORE POLICE STATION
BARRACKPORE POLICE COMMISSIONERATE
৫ই জুন
বিশ্ব পরিবেশ দিবস

নিজস্ব সংবাদদাতা, নববারাকপুর : নববারাকপুর কলোনি বয়েজ হাইস্কুলের উদ্যোগে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে মঙ্গলবার সকালে পরিবেশ সচেতনতার প্রসারে বিদ্যালয়ের ছাত্র, শিক্ষক, শিক্ষাকর্মী ও অভিভাবকদের নিয়ে হল বর্ণাঢ্য শোভাযাত্রা, আলোচনাসভা ও বৃক্ষরোপণ কর্মসূচি পালিত হল। বিদ্যালয়ের প্রধান শিক্ষক ড: অনিরুদ্ধ বিশ্বাস বলেন, বিশ্ব উষ্ণায়ন, জলবায়ু পরিবর্তনের প্রতিরোধ দূষণ, বাস্তুতন্ত্রের ভারসাম্য রক্ষার জন্য সুস্থ পরিবেশের কথা মাথায় রেখে ছাত্র-ছাত্রী ও সাধারণ মানুষকে পরিবেশ জীবজগতের উপর তার প্রভাব সম্পর্ক সচেতনতার উদ্দেশ্যে বিদ্যালয়ের তরফে এই বিশ্ব পরিবেশ দিবস পালনের কর্মসূচি নেওয়া হয়েছে। এদিন ১ নম্বর ঝিলপাড়ের পাশের উদ্যানে বকুল কৃষ্ণচূড়া মেহগিনি প্রভৃতি গাছের চারা লাগানো হয়। শোভাযাত্রা বিদ্যালয়ের প্রাঙ্গণ থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

আলোচনাসভায় দিনটির তাৎপর্যের পাশাপাশি বিশ্ব উষ্ণায়ণ, প্লাস্টিক দূষণ সম্পর্কে বক্তব্য রাখেন প্রধান শিক্ষক সহ শিক্ষক দেবদাস মাহাতো, অম্লান দাশগুপ্ত প্রমুখ। বিদ্যালয়ের এনসিসি ৪৮ ব্যাটালিয়ন গ্রুপ নম্বর ৬০৯ শোভাযাত্রায় অগ্রণী ভূমিকা পালন করে। অন্যদিকে বিশ্ব পরিবেশ দিবসে ভেজাল মুক্ত খাদ্য এবং দূষণমুক্ত পরিবেশের দাবিতে বর্ণাঢ্য পদযাত্রার আয়োজন করে নববারাকপুর বিদ্যাসাগর চর্চা কেন্দ্র।

মঙ্গলবাল সকালে বিশরপাড়া নবজীবন বিদ্যামন্দির রেলগেট থেকে পদযাত্রা শুরু হয়। বিভিন্ন বিদ্যালয়, বিশ্ব বিদ্যালয়, মহা বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, শিক্ষক সহ সমাজের বিভিন্ন স্তরের মানুষ পদযাত্রায় অংশগ্রহণ করে। পরিবেশ সচেতনতার বিভিন্ন ট্যাবলো, প্লাকার্ড হাতে পড়ুয়াদের মানুষকে সচেতন করতে দেখা যায়। বিদ্যাসাগর চর্চা কেন্দ্রের সম্পাদক রামেশ্বর বন্দ্যোপাধ্যায় পদযাত্রাকে সুষ্ঠুভাবে পরিচালনা করেন। তিনি বলেন, বিশ্ব পরিবেশ দিবসে মানুষকে সচেতন করতে এই পদযাত্রার আয়োজন।

হাওড়ায় স্বপন কোলে হত্যা মামলায় ১৩ জন বেকসুর খালাস

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়ার আন্দুলের প্রভু জগবন্ধু কলেজের ছাত্রনেতা স্বপন কোলে খুন হওয়ার ঘটনায় অভিযুক্ত ১৩ জনকে বেকসুর খালাস করল হাওড়া আদালত। মঙ্গলবার দুপুরে হাওড়া দ্বিতীয় দায়রা আদালতের বিচারক অভিযুক্ত ১৩ জনকে বেকসুর খালাসের নির্দেশ দেন। এই ১৩ জনের মধ্যে কিছুজন তৃণমূল ছাত্রপরিষদের সদস্য ও কিছুজন বহিরাগত। জানা গিয়েছে, ২০১০ সালে আন্দুলের জগবন্ধু কলেজের নির্বাচনে মনোনয়নপত্র জমা দেওয়া নিয়ে ছাত্রনেতা স্বপন কোলেকে মারধর করা হয়। অভিযোগ, লাঠিসোঁটা দিয়ে তাঁকে বেধরক পেটানো হয়। পরে হাসপাতালে নিয়ে গেলে সেখানে মারা যায়। এসএফআইয়ের অভিযোগ, টিএমসিপির সদস্যরাই স্বপন কোলেকে খুন করেছে। এই ঘটনায় মোট ১৩ জন অভিযুক্ত হয়। তিনজনকে পুলিশ গ্রেফতার করে।

বাকিরা হাইকোর্ট থেকে আগাম জামিন নেয়। সেই ঘটনায় এই অভিযুক্ত ১৩ জনকে এদিন মঙ্গলবার বেকসুর খালাস করল হাওড়া দ্বিতীয় দায়রা আদালত। স্বাভাবিকভাবেই অভিযুক্ত ১৩ জন ও তাঁদের পরিবারে এখন খুশির হওয়া।

উদ্ধার যুবকের মৃতদেহ, দালালির জেরে খুন

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : উদ্ধার হল নিখোঁজ হয়ে যাওয়া যুবকের মৃতদেহ। মৃতের নাম সুরজ শাহ (২৭)। মঙ্গলবার সকালে হাওড়ার ঈশ্বরতত্ত্ব লেন এলাকার একটি বটগাছের নিচ থেকে তাঁর দেহ উদ্ধার করে হাওড়া থানার পুলিশ।

স্থানীয় বাসিন্দারা জানান, বৃহস্পতিবার থেকে ওই যুবকের খোঁজ পাওয়া যাচ্ছিল না। এরপর মঙ্গলবার বটগাছের নিচ থেকে পচা দুর্গন্ধ বেরতে থাকে। স্থানীয়রা গিয়ে দেখে, সুরজের মৃতদেহ পড়ে রয়েছে। খবর দেওয়া হয় হাওড়া থানায়।

সুরজের বাবা রাজকুমার শাও জানান, তাঁর ছেলে দালালির কাজ করত। কয়েকদিন ধরেই টাকা-পয়সা নিয়ে কোনও এক প্রোমোটারের সঙ্গে সুরজের গন্ডগোল চলছিল বলে তিনি জানান। তাই জন্যই তাঁকে খুন করা হতে পারে বলে মনে করেছেন সুরজের বাড়ির লোকজন।

পুলিশ গোটা ঘটনার তদন্ত শুরু করেছে। ওই প্রোমোটারের বাড়ি হাওড়ার কদমতলায়। ঘরবাড়ি, জমি জায়গার দালালি সংক্রান্ত ঘটনার জেরেই খুন কি না পুলিশ তা খতিয়ে দেখছে।

পণের দাবিতে অত্যাচার, আত্মঘাতী গৃহবধূ

নিজস্ব সংবাদদাতা, ক্যানিং : বিষ খেয়ে আত্মহত্যা যুবতীর। সোমবার রাতে ঘটনাটি ঘটে দক্ষিণ ২৪ পরগনা জেলার ক্যানিংয়ের দাঁড়িয়ার ঠাকুরানবেড়িয়া গ্রামে। সকালে বিষ খান সুমনা সর্দার (১৮)। এরপর তাঁকে ক্যানিং মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়। রাতে সেখানেই মারা যান। ঘটনায় ক্যানিং থানায় শ্বশুরবাড়ির লোকজনের বিরুদ্ধে আত্মহত্যায় প্ররোচনার অভিযোগ দায়ের করেছেন সুমনার বাপের বাড়ির লোকজন। অভিযোগ, বিয়ের পর থেকে পণের জন্য সুমনার উপর চাপ সৃষ্টি করত তার স্বামী, শ্বশুর ও শাশুড়ি। মারধর করত। সেই অত্যাচার সহ্য করতে না পেরে আত্মহত্যা করেছে সুমনা।

ন'মাস আগে ক্যানিংয়ের নিকারিঘাটা গ্রাম পঞ্চায়েতের ডাবু গ্রামের বাসিন্দা সুমনার সঙ্গে বিয়ে হয় দাঁড়িয়ার ঠাকুরানবেড়িয়া গ্রামের লক্ষ্মণ নস্করের। সুমনার বাবা বলরাম সর্দার বলেন, চাষাবাদ করে লক্ষ্মণ। মেয়ের বিয়ের সময় ছেলের বাড়ির দাবিমতো পণ দিয়েছিলেন। কিন্তু, বিয়ের পর আরও একলাখ টাকা দাবি করে লক্ষ্মণ ও তার বাবা-মা দুঃখীরাম ও সন্ধ্যা। তিনি গরিব মানুষ। টাকা দিতে পারেননি। সেই রোষ গিয়ে পড়ে তাঁর মেয়ের উপর।

সুমনাকে কথা শোনাত শ্বশুর বাড়ির লোকজন। মানসিক নির্যাতন করত। কথায় কথায় মারধর করত। অভিযোগ, সোমবার সকালে সেই অত্যাচার চরমে ওঠে। সুমনাকে ব্যাপক মারধর করে স্বামী, শ্বশুর ও শাশুড়ি।

অত্যাচার, সহ্য করতে না পেরে বাড়িতেই বিষ খান সুমনা।

বলরামবাবুর আরও অভিযোগ, বিষ খাওয়ার পরও সুমনাকে হাসপাতালে নিয়ে আসেনি শ্বশুরবাড়ির লোকজন। প্রতিবেশীরা হাসপাতালে নিয়ে আসেন। তাঁরাও খবর পান প্রতিবেশীদের কাছ থেকেই খবর পেয়ে ক্যানিং হাসপাতালে আসেন।

রাতেই লক্ষ্মণ, দুঃখীরাম ও সন্ধ্যা নস্করের বিরুদ্ধে ক্যানিং থানায় আত্মহত্যায় প্ররোচনা দেওয়ার অভিযোগ দায়ের করেন বলরামবাবু। ঘটনার তদন্তে নেমেছে পুলিশ। তবে অভিযুক্তরা পলাতক।

বিশ্ব পরিবেশ দিবসেও বেহাল চিত্র ধরা পড়ল আর্থিক লিপির ক্যামেরায়



নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : ৫ই জুন ছিল বিশ্ব পরিবেশ দিবস। সারা পৃথিবীজুড়ে পালিত হচ্ছে এই দিনটি। সেই সঙ্গে আমাদের রাজ্যেও সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান পালন করেছে। বহুদিন ধরেই এই দিনটি পালিত হয়ে আসছে কিন্তু কতটা সচেতন হয়েছে সাধারণ মানুষ? প্লাস্টিক ব্যবহার কি বন্ধ গেছে? আইন আছে, আইন করে কতটা সফল প্রশাসন? গ্রাম পঞ্চায়েত, পুরসভা সব জায়গাতে একই চিত্র।

হাজার হাজার টাকা খরচ হচ্ছে সরকারের। এই অর্থ কার পকেটে থেকে যাচ্ছে? উত্তর সকলেরই জানা। তবুও কেউই আমরা সচেতন হচ্ছিনা।

বিশ্ব পরিবেশ দিবসের কয়েকটি কোলাজ তুলে ধরা হচ্ছে।

চিত্র-১. নিকাশি নালা বন্ধ। চিত্র-২. জল ফুটপাতে। চিত্র-৩. কলে নাগিনীখাল, কয়েক মাস আগে প্রায় এক কোটি টাকা খরচ করে সেচ দফতর সংস্কার করেছে। চিত্র-৪. জাতীয় সড়কের পাশে বিদ্যুতের খুঁটির গোড়ায় ঠাঁই হয়েছে প্লাস্টিকের।

ছবি: অহিন্দ্র ঘোষ

ভারতীয় মানবাধিকার পার্টির সভাপতি দৌলত হোসেন

স্টাফ রিপোর্টার : রাজ্যের বিশিষ্ট মানবাধিকার কর্মী দৌলত হোসেন ভারতীয় মানবাধিকার পার্টির পশ্চিমবঙ্গ স্টেট কমিটির সভাপতি নিযুক্ত হয়েছেন। ভারতীয় মানবাধিকার পার্টির জাতীয় সভাপতি লোকনাথ চৌধুরি তাঁকে রাজ্য সভাপতি নিয়োগ করেছেন। চলতি বছরের ৬ এপ্রিল থেকে দৌলত হোসেন এই দায়িত্ব পেয়েছেন। সংস্থার জাতীয় সভাপতি লোকনাথ চৌধুরির আশা, ভবিষ্যতে রাজ্যের গণতন্ত্র এবং মানবাধিকার শক্তিশালী হবে, তাঁর নেতৃত্বে হিংসার রাজনীতির অবসান হবে এবং সামগ্রিকভাবে সাধারণ মানুষ ভোগ করবেন শান্তি ও মানবাধিকার।

মোবাইল নিয়ে পালানোর চেষ্টা, ইট ছুড়ে দুষ্কৃতী ধরলেন দোকানদার

নিজস্ব সংবাদদাতা, লিলুয়া : মোবাইল কিনতে এসে ৩টি মোবাইল নিয়ে পালানোর চেষ্টা করে দুষ্কৃতীরা। এমনকী, দোকানদার বাধা দিলে তাঁকে পিস্তল দেখিয়ে ভয় দেখায়। এরপর দুষ্কৃতীরা মোটরবাইকে পালানোর চেষ্টা করলেই ইট ছুড়ে মারেন দোকানদার। মোটরবাইক থেকে পড়ে যায় এক দুষ্কৃতী। এরপর দোকানদারের এক বন্ধু পিছু ধাওয়া করে ধরে ফেলে আরও এক দুষ্কৃতীকে। ঘটনাটি লিলুয়ার জগদীশপুরের। ঘটনার বিবরণ দিতে গিয়ে দোকানদার দেবেশ চক্রবর্তী বলেন, সোমবার রাত ১০টা নাগাদ ৩জন মোটরবাইকে করে আসে। দোকানে ঢুকে তারা মোবাইল কিনতে চায়। তিনি তিনটি মোবাইল তাদের দেন। এরপর টাকার রসিদ দেওয়ার সময় দেখেন, টাকা না দিয়ে তিনজনই চলে যাচ্ছে। তিনি বাধা দেন। দুষ্কৃতীরা তখন ওয়ান শাটার পিস্তল বের করে তাঁকে ভয় দেখায়। তিনি সরে গেলে ৩ দুষ্কৃতী বাইকে চেপে পালানোর চেষ্টা করে। তখন তিনি একটা ইট তাদের দিকে ছুড়ে মারেন। ইটের আঘাতে এক দুষ্কৃতী বাইক থেকে পড়ে যায়। অন্য দু'জন পালিয়ে যায়। সেইসময় দোকানদারের এক বন্ধু সেই পথ দিয়ে গাড়িতে করে যাচ্ছিলেন। দেবেশবাবু তাঁকে সব বলেন। দেবেশবাবুর বন্ধু দুষ্কৃতীদের পিছু ধাওয়া করে আরও একজনকে ধরে ফেলেন। দুই দুষ্কৃতীকে স্থানীয়রা মারধর করে। খবর পেয়ে লিলুয়া থানার পুলিশ এসে দু'জনকে গ্রেফতার করে। ধৃতদের নাম সুকুমার সর্দার এবং রাসবিহারী সর্দার। তাদের কাছ থেকে পিস্তল এবং একটি ধারালো অস্ত্র উদ্ধার হয়েছে। মঙ্গলবার ধৃতদের হাওড়া আদালতে তোলা হয়। জানা গেছে, দুষ্কৃতীরা রবিবার সন্ধ্যায় ওই এলাকায় রীতিমতো রেইকি করে গিয়েছিল। সোমবার রাতের ঘটনার পর আতঙ্ক ছড়িয়েছে ব্যবসায়ীদের মধ্যে। তাঁদের বক্তব্য, ওই দোকান থেকে ১০০ মিটার দূরে পুলিশ ফাঁড়ি। তারপরও এরকম ঘটনা ঘটলে তাঁদের নিরাপত্তা কতটা, সেই প্রশ্ন তুলেছেন ব্যবসায়ীরা।

NOTICE

"Notice is given to all concerned that the original registered Deed of Sale dated 08.12.1954 registered at S.R., Alipore and Being No. 8176 of 1954 in respect of land at Mouza Jagannath Nagar, comprised in R.S. Dag No. 1463 and other Dags under R.S. Khatian No. 1290, J.L. No. 7, R.S. Maheshtala, District South 24 Parganas, has been lost and /or misplaced from the custody of Ibrahim Molla, for which complaint has been lodged before Maheshtala P.S. vide G.D. E. No. 2315 dt. 31.05.2018 and the said Deed is not the subject matter of any mortage nor kept as collateral security with any institution or Bank.

Any person having found the same or anyhody having any claim over the said property, please contact the undersigned with documents in proof thereof within 10 days from date of publication of this notice.

Manoj Kumar Meharia
Advocate, Omer Mansion, Room No.-A-7, 1st Floor, 29A, Weston Street, Kolkata-700012., Ph.033-4004 4110/9831002085

NOTICE

"Notice is given to all concerned that the original registered Deed of Sale dated 14.03.1986 registered on 17.03.1986 at D.S.R., Alipore and Being No. 4771 of 1986 in respect of land at Mouza Bansdroni, comprised in R.S. Dag No. 113 under R.S. Khatian No. 1004, J.L. No. 45, P.S. Regent Park, District South 24 Parganas, has been lost from custody of the present owner Sri Majoj Kumar Daga, for which complaint has been lodged before Jorasanko P.S. vide G.D. E. No. 2094 dt. 28.05.2018 and the said Deed is not the subject matter of any mortgage nor kept as collateral security with any institution or Bank.

Any person having found the same or anybody having any claim over the said property, please contact the undersigned with documents in proof thereof within 10 days from date of publication of this notice.

Manoj Kumar Meharia, Advocate
Omer Mansion, Room No.-A-7, 1st Floor, 29A, Weston Street,
Kolkata-700012., Ph.033-4004 4110/9831002085

শরীরে আঘাতের চিহ্ন, রামপুরহাটে উদ্ধার যুবকের দেহ

নিজস্ব সংবাদদাতা, রামপুরহাট : অজ্ঞাতপরিচয় যুবকের রহস্যমৃত্যু। বীরভূমের তারাপুর গ্রামের ঘটনা। খবর পেয়ে তারাপুর থানার পুলিশ গিয়ে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠায়। প্রাথমিক তদন্তে পুলিশের ধারণা, ওই যুবককে খুন করা হয়েছে। স্থানীয় সূত্রে জানা গেছে, মঙ্গলবার সকালে তারাপুর গ্রামের দুর্গামন্দির সংলগ্ন পুকুরপাড়ের বাঁশঝাড়ে কাছে পড়েছিল ওই যুবকের মৃতদেহ। তার পাশেই ছিল গোবর গ্যাসের চেম্বার।

NOTICE

NOTICE is hereby given that the my Client Mr. Dinesh Kumar Verma is an Indian inhabitant presently residing at 394, Jessore Road, Laha Bhawan, Flat - 2, Kolkata-700055 is going to apply for duplicate shares certificate from the company i.e Apollo Tyres Limited against lost Shares Folio No. 23372, Share Certificate Scrip No. : 24158 bearing Distinctive No. 463497421 to 7920 totaling 500 Shares in the jointly name of Ratna Devi Soni and Dinesh Kumar Verma as per particulars given above also have reported/ lodge a GDE No. 1679 dtd 23.12.2017 for loss of Share Certificate at their end/during postal transit.

Any person who having a claim in respect of the said shares should lodge such claim with the company at its Regd. Office with the all supporting documents with the sole owner of the shares within fifteen days of this notice.

MADAN MOHAN KOTHRI
Advocate
Room No. B-523, 5th Floor,
71, B. R. B. Basu Road,
Kolkata - 700 00 Mob. No.
9831013926

CHANGE OF NAME

I,Naresh Mondal S/o.Lt. Ashutosh Mondal R/o 509,Hirapur, M.C. Pally P.O. Burnpur P.S . Hirapur Dist. Paschim Burdwan declare that I am prop.of Shri Rama Krishna Enterprise situated at 509 Hirapur M.C.Pally , Burnpur , for the carrying on contractor business.I have no other busniess except the abovesaid business in my said firm. As per Affidavit Executive Magistrate at Asansol on 4th june 2018.